রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, সেপ্টেম্বর ২৮, ২০১৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সীমান্ত শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২২ সেপ্টেম্বর ২০১৪

**নং ৪৪.০০.০০০০.১১৭.০৩.০০৪.২০১৪/১১৩**—সীমান্ত এলাকায় বিভিন্নভাবে আগত গবাদিপশুর বিপণন, পরিবহণ, সংরক্ষণ ইত্যাদিসহ গবাদিপশুর ব্যবস্থাপনা এবং রাজস্ব আদায়ের জন্য গবাদিপশুর বিট স্থাপন সংক্রান্ত নীতিমালা ঃ

২। <u>সংজ্ঞা ঃ</u>

**বিট/খাটাল** ঃ বিট/খাটাল হচ্ছে করিডোর/সীমান্ত এলাকায় গবাদিপশুর অস্থায়ী অপেক্ষমাণ আবাসস্থল। যেখানে কাস্টমস্ ছাড়করণসহ অন্যান্য আইনানুগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

৩। **বিট/খাটাল এর স্থান নির্ধারণ :**

ক. সীমান্ত এলাকায় বিওপিভিত্তিক বিট স্থাপন করা যাবে।

খ. বিট স্থাপনের বিষয়ে স্থানীয়ভাবে সীমান্ত ও বিওপি এর নিকটবর্তী এলাকায় স্থান নির্ধারণ করতে হবে।

গ. বিটের দায়িত্বপূর্ণ এলাকা (অধিক্ষেত্র) নির্ধারণ করতে হবে।

ঘ. সরকার কর্তৃক অনুমোদিত বিট/খাটালের অধীনস্থ কোন প্রকার সাব-খাটাল রাখা যাবে না।

ঙ. বিট স্থাপনের বিষয়ে স্থান নির্ধারণ ও আবেদনকারী চিহ্নিতকরণের জন্য নিম্নরূপ উপজেলা কমিটি থাকবে ঃ

| | |
|---|---|
| (১) উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি। |
| (২) বিজিবি'র প্রতিনিধি | সদস্য। |
| (৩) অফিসার ইনচার্জ (সংশ্লিষ্ট থানা) | সদস্য। |


**মূল্য ঃ** টাকা ৮.০০

(৪) চেয়ারম্যান (সংশ্লিষ্ট ইউপি) সদস্য।

(৫) রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ সদস্য-সচিব।

৪। **উপজেলা কমিটির কার্যপরিধি :**

ক. কমিটি বিট স্থাপনের জন্য প্রাপ্ত আবেদন পরীক্ষা করবে।

খ. কমিটি বিট স্থাপনের জন্য নির্ধারিত স্থান পরিদর্শন করবে।

গ. কমিটি প্রাপ্ত আবেদনসমূহ পর্যালোচনাপূর্বক আবেদনকারী বিট পরিচালনায় সক্ষম হলে আবেদনটি সুপারিশসহ জেলা চোরাচালান নিরোধ টাস্কফোর্স কমিটি বরাবর প্রেরণ করবে।

ঘ. কমিটি আবেদন পরীক্ষার সময় নিম্নলিখিত বিষয়গুলি পর্যালোচনা করবে ঃ

(১) আবেদনকারীর বিট পরিচালনার জন্য সীমান্ত এলাকায় নিজস্ব/চুক্তিভিত্তিক/লীজকৃত প্রয়োজনীয় জমি আছে কিনা ?

(২) তিনি প্রকৃত নিবন্ধিত ব্যবসায়ী কিনা ?

(৩) আবেদনকারী চোরাচালানসহ অন্য কোন ফৌজদারী অভিযোগে দণ্ডপ্রাপ্ত কিনা ?

(৪) বিট স্থাপনের প্রস্তাবিত স্থানের যোগাযোগ ব্যবস্থা পর্যাপ্ত কিনা ?

(৫) আবেদনকারী কোন সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত কিনা ?

(৬) আবেদনকারীর ট্রেড লাইসেন্স, টিন, ভ্যাট রেজিস্ট্রেশন আছে কিনা ?

(৭) অন্য কোন আন্তঃদেশীয় অপরাধে অভিযুক্ত কিনা ?

ঙ. আবেদনকারীকে 'ঘ' অনুচ্ছেদে বর্ণিত বিষয়সমূহ হলফনামার মাধ্যমে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

চ. উপজেলা কমিটি আবেদনপত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জেলা প্রশাসক বরাবর প্রতিবেদন দাখিল করবে।

৫। **জেলা চোরাচালান নিরোধ টাস্কফোর্সের কমিটির দায়িত্ব :**

ক. জেলা টাস্কফোর্স কমিটি সংশ্লিষ্ট জেলার জন্য বিটের প্রয়োজনীয়তা/সংখ্যা নির্ধারণ করবে।

খ. উপজেলা কমিটি থেকে প্রাপ্ত আবেদন/প্রতিবেদনসমূহ পরীক্ষা/পর্যালোচনা করবে।

গ. প্রাপ্ত আবেদন সঠিক বিবেচিত হলে বিট পরিচালনার জন্য বিওপিভিত্তিক আবেদনকারীর তালিকা আঞ্চলিক টাস্কফোর্স কমিটি বরাবরে সুপারিশসহ প্রেরণ করবে।

ঘ. একটি বিওপির আওতায় একাধিক যোগ্য আবেদনকারী থাকলে তার একটি অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবে।

ঙ. কোন আবেদন অযোগ্য বিবেচিত হলে তা আঞ্চলিক টাস্কফোর্স কমিটি বরাবর প্রেরণের প্রয়োজন নেই।

চ. উপজেলা কমিটির নিকট থেকে প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জেলা চোরাচালান নিরোধ কমিটি আবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

৬। **<u>চোরাচালান প্রতিরোধে আঞ্চলিক টাস্কফোর্স কমিটি</u> :**

ক. জেলা চোরাচালান প্রতিরোধ কমিটির সুপারিশকৃত আবেদনসমূহ পর্যালোচনা/পরীক্ষা করবে।

খ. প্রাপ্ত আবেদনসমূহ সঠিক বিবেচিত হলে কমিটি পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

গ. আন্তঃজেলা সীমান্ত এলাকার জন্য বিট/খাটাল এর সংখ্যার বিষয়ে জেলা কমিটির সুপারিশ বিবেচনা করে চূড়ান্ত করবে।

ঘ. জেলা কমিটির মতামত প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করবে।

৭। **<u>স্বরাষ্ট্র মন্ত্রণালয়</u> :**

ক. চোরাচালান প্রতিরোধ আঞ্চলিক টাস্কফোর্স কমিটির সুপারিশকৃত বিট স্থাপনের আবেদনসমূহের অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবে।

৮। **<u>মেয়াদকাল</u> :**

ক. সাধারণভাবে বিটের মেয়াদ এক বাংলা সনের জন্য হবে। অর্থাৎ ১ বৈশাখ থেকে ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য হবে।

খ. বাংলা সনের যে কোন সময় অনুমোদন প্রদান করা হলেও মেয়াদ ঐ সনের ৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে।

৯। **<u>আবেদন</u> :**

ক. বিট স্থাপনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে।

খ. নবায়নের ক্ষেত্রেও সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর আবেদন করতে হবে।

গ. তবে উভয় ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর আবেদন করা যাবে।

১০। **<u>শুল্ক আদায়</u> :**

ক. জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত হারে শুল্ক আদায় হবে।

খ. সকল শুল্ক রাজস্ব বোর্ডের প্রতিনিধি কর্তৃক রশিদের মাধ্যমে আদায় করা হবে।

গ. আদায়কৃত রাজস্বের প্রতিবেদন বিট/খাটালভিত্তিক স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করতে হবে।

১১। **<u>সার্ভিস চার্জ</u> :**

ক. বিট গ্রহিতা প্রতিটি গবাদিপশুর জন্য ২০ (কুড়ি) টাকা হারে সার্ভিস চার্জ আদায় করবেন। অতিরিক্ত প্রতিদিন অবস্থানকালীন ফি ৩০ (ত্রিশ) টাকা।

খ. বিট গ্রহিতা সকল সার্ভিস চার্জ রশিদের মাধ্যমে আদায় করবে।

গ. বিট/খাটালভিত্তিক সকল সার্ভিস চার্জের বিবরণ প্রতিমাসে সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবরে প্রেরণ করতে হবে।

১২। **বিট গ্রহিতার দায়িত্ব :**

ক. বিট স্থাপনের প্রয়োজনীয় পয়ঃনিষ্কাশনসহ পরিস্কার-পরিচ্ছন্নতার ব্যবস্থাকরণ।

খ. নির্ধারিত স্থানে শুল্ক/মাসুল আদায়ের হার প্রদর্শন করতে হবে।

গ. ১০ নং অনুচ্ছেদে বর্ণিত শুল্ক যথাসময়ে প্রদানে সহায়তা করবে।

ঘ. বাংলাদেশের প্রচলিত আইনের পরিপন্থী কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না।

ঙ. উপজেলা কমিটি কর্তৃক বিটের জন্য নির্ধারিত এলাকায় বিট গ্রহিতা কর্তৃক অস্থায়ী বাউন্ডারী নির্ধারণ করতে হবে।

চ. বিট/খাটাল রক্ষণাবেক্ষণের জন্য বিট/খাটাল মালিক কর্তৃক প্রয়োজনীয় জনবল নিয়োগ করতে হবে।

১৩। **বিট তদারকি ঃ**

ক. উপজেলা কমিটি বিট তদারক করবে।

খ. জেলা টাস্কফোর্স কমিটি এর প্রতিনিধি প্রতিমাসে কমপক্ষে ১ বার বিট এর কার্যক্রম পরিদর্শন করবে।

গ. স্বরাষ্ট্র মন্ত্রণালয়/বিভাগীয় কমিশনার এর কার্যালয় থেকে মাঝে মাঝে বিটের কার্যক্রম পরির্দশন করতে হবে।

১৪। **বিট নবায়ন ঃ**

ক. বিট অনুমোদনের মেয়াদ শেষান্তের ৩ মাস পূর্বেই বিট নবায়নের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবরে আবেদন করতে হবে।

খ. বিট নবায়নের আবেদন উপজেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই এর পরে জেলা চোরাচালান নিরোধ টাস্কফোর্স কমিটির বরাবরে প্রেরণ করবে।

গ. উপজেলা কমিটি তার প্রতিবেদন বিগত এক বছরের কর্মকাণ্ড, রাজস্ব আদায়ের পরিমাণ ইত্যাদি উল্লেখপূর্বক ৪নং অনুচ্ছেদের বিষয়সমূহ পর্যালোচনা করবে।

ঘ. জেলা টাস্কফোর্স কমিটি পরীক্ষাপূর্বক মতামতসহ আঞ্চলিক টাস্কফোর্স কমিটি বরাবর প্রেরণ করবে।

ঙ. আঞ্চলিক টাস্কফোর্স কমিটি মতামতসহ স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর অগ্রায়ন করবে।

চ. নবায়নের ক্ষেত্রে পূর্ববর্তী বছরের বিট গ্রহিতাকে অগ্রাধিকার প্রদান করতে হবে যদি তিনি সুষ্ঠুভাবে বিট পরিচালনা করে থাকেন।

১৫। **বিবিধ ঃ**

ক. বিটের বিষয়ে তাৎক্ষণিক সমস্যা সৃষ্টি হলে উপজেলা কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করবে।

খ. নীতিমালায় বর্ণিত বিষয়সমূহে যথাযথভাবে অনুসরণ করা না হলে সরকার যে কোন সময় যে কোন বিটের অনুমোদন বাতিল করতে পারবে।

১৬। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নীতিমালা জারী করা হলো।

**কমল কান্তি বৈদ্য**
অতিরিক্ত সচিব (আসী)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd